

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

25 JUN 2008

৩০

৭

জাবি শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী নিপীড়নের অভিযোগ শিক্ষার্থীদের আন্দোলন থেকে বিরত থাকার আহ্বান শিক্ষক সমিতির

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষকের বিরুদ্ধে উত্থাপিত ছাত্রীনিপীড়ন অভিযোগের বিচার কাজ শেষ না হওয়া পর্যন্ত শিক্ষার্থীদের আন্দোলন থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। সোমবার শিক্ষক সমিতির এক সভায় এ আহ্বান জানানো হয়। সে সময়ে সমিতি প্রভাবমুক্ত বিচার দাবি করেছে। সোমবার সকালে অনুষ্ঠিত এ সভার গুরুত্বপূর্ণ বিষয় ছিল নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষক আহমেদ সানীর বিরুদ্ধে উত্থাপিত ছাত্রীনিপীড়নের অভিযোগ এবং শিক্ষার্থীদের চলমান আন্দোলন প্রসঙ্গ। সভায় শিক্ষার্থীদের চলমান আন্দোলন নিয়ে শিক্ষক সমিতি তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করে। সভায় বঙ্গা হয়, অভিযোগের পরিপ্রেক্ষিতে গঠিত সন্দেহ কমিটির রিপোর্ট সিন্ডিকেটের পর্যালোচনার অপেক্ষায় রয়েছে। এছাড়া কয়েকদিন আগে অভিযুক্ত শিক্ষকের স্ত্রীকে (অন্য একটি বিভাগের শিক্ষিকা) মানসিকভাবে হয়রানি এবং একাডেমিক কাজে অংশগ্রহণে বিম্বিত করা হচ্ছে বলে লিখিত অভিযোগ করা হয়।